চুক্তিনামা

এ চুক্তি ..... সালের ..... মাসের ..... তারিখ ..... বার, চুক্তিকারী প্রথম পক্ষ, নাম,(প্রশিক্ষণার্থীর পিতা/অভিভাবক) ঃ .... পিতা ঃ..... যার ঠিকানা ঃ ....পেশা ঃ .... এবং দ্বিতীয় পক্ষ,মহাপরিচালক,বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান এ দু পক্ষের মধ্যে সম্পাদিত হল । যেহেতু প্রথম পক্ষের আবেদনক্রমে তার পুত্র/কন্যা/পোষ্য, নামঃ..... ..... কে ২০১৯ সালের প্রশিক্ষণার্থী হিসেবে গ্রহণ করা হয়েছে সেহেতু চুক্তিকারী প্রথম পক্ষ, বিকেএসপির কাছে নিম্নলিখিত শর্তাবলী যথাযথভাবে মেনে চলার অঙ্গীকার প্রদান করছেন ।

১। আমার পুত্র/কন্যা/পোষ্য ..... প্রশিক্ষণার্থী নং .....বিকেএসপিতে অবস্থান করে প্রশিক্ষণ গ্রহণ এবং অধ্যয়ন সমাপ্ত করতে বাধ্য থাকবে ।

২। আমার পুত্র/কন্যা/পোষ্য এর বিকেএসপিতে অবস্থানের স্থায়িত্ব নির্ভর করবে তার ক্রীড়া ও শিক্ষা বিষয়ে অগ্রগতি, আচার, আচরণ, নিয়ম শৃংখলার প্রতি আনুগত্য এবং স্বাস্থ্যগত যোগ্যতার উপর, এ ক্ষেত্রে বিকেএসপি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকব ।

৩। আমার পুত্র/কন্যা/পোষ্য এর জন্য নির্ধারিত কলেজ ফিসের কিস্তির অর্থ কিস্তির শুরুর পূর্ববর্তী মাসের প্রথম পনের দিনের মধ্যে পরিশোধ করতে বাধ্য থাকব ।

৪। আমার পুত্র/কন্যা/পোষ্য এর যদি সংশ্লিষ্ট খেলায় আশানুরূপ অগ্রগতি না হয় এবং বিকেএসপি কর্তৃক গৃহীত বিভিন্ন বর্ষের পরীক্ষায় অকৃতকার্য হয় তবে নিয়ম অনুযায়ী তাকে চূড়ান্তভাবে বিকেএসপি হতে প্রত্যাহার করে নেয়ার সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকব। খেলাধুলার পরীক্ষায় শতকরা ৭০ ভাগ এবং একাডেমিক পরীক্ষায় শতকরা ৩৫ ভাগ নম্বর না পেলে যদি শিক্ষার্থীকে প্রত্যাহার করা হয়, তা আমি মেনে নিতে বাধ্য থাকব।

৫। আমার পুত্র/কন্যা/পোষ্য স্বেচছায় নিজেকে অনগ্রসর প্রমাণের উদ্দেশ্যে অথবা শিক্ষা গ্রহণে অনীহা প্রকাশ করে বিকেএসপি পরিত্যাগের অপচেষ্টায় লিপ্ত হলে বিকেএসপি অবস্থানকালীন তার জন্য ব্যয়িত অর্থের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ জমা দিয়ে তাকে প্রত্যাহার করে নিতে বাধ্য থাকব। এক্ষেত্রে ছাত্র প্রতি প্রতিষ্ঠানের মাসিক খরচ ধরা হবে ৭,০০০/- (সাত হাজার) টাকা এবং এ টাকা থেকে প্রশিক্ষণার্থীর দেয় কলেজ ফিসের মাসিক নির্ধারিত টাকা বাদ যাবে। শিক্ষার্থী যদি বিনা অনুমতিতে প্রশিক্ষণ, অধ্যয়ন এবং অন্যান্য নির্ধারিত কার্যক্রমে অনুপস্থিত থাকে, প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত চত্বরের বাইরে যায়, পালিয়ে যায়, অবাধ্য আচরণ করে, চুরি করে, পরীক্ষায় নকল করে, ভুল তথ্য দিয়ে বিকেএসপিতে ভর্তি হয়, বিকেএসপির সম্পদ বিনষ্ট করে, বিকেএসপির শিক্ষক, শিক্ষিকা, প্রশিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, প্রশিক্ষণার্থী অথবা অন্য কারো সাথে অমার্জিত আচরণ করে অথবা যে কোন ধরণের শৃঙ্খলা পরিপন্থী কাজে লিপ্ত হয় সে ক্ষেত্রে প্রদত্ত জামানতের টাকা বাজেয়াপ্ত সহ প্রশিক্ষণার্থীকে বহিষ্কার করা হলে কিংবা অন্য কোন শাস্তি প্রদান করা হলে আমি তা মেনে নিতে বাধ্য থাকব।

৬। বিকেএসপি'তে অধ্যয়নরত আমার পুত্র/কন্যা/পোষ্য কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ক্লাব/সমিতি/ফেডারেশন/অন্য কোন সংস্থার পক্ষে কোন প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে না ।

চলমান পাতা/২

৭। নির্ধারিত সাক্ষাৎকার দিবস, বিকেএসপি কর্তৃক আমন্ত্রণ অথবা বিশেষ অনুমতি গ্রহণ ব্যতীত আমার পুত্র/কন্যা/পোষ্য এর সাথে সাক্ষাৎ করব না ।

৮। আমার পুত্র/কন্যা/পোষ্যকে কর্তৃপক্ষের বিনানুমতিতে নগদ টাকা, মোবাইল ফোন, মূল্যবান দ্রব্য সামগ্রী, খাদ্য অথবা অন্য কোন প্রকার সামগ্রী প্রদান করব না ।

৯। প্রতিষ্ঠানে বিবাহিত ছেলেমেয়ে ভর্তি করা হয় না। আমার পুত্র/কন্যা/পোষ্য যদি বিবাহিত হয় এবং ভর্তি হওয়ার পর প্রমাণিত হয়, যদি ভর্তির পর কোন প্রশিক্ষণার্থী স্বেচ্ছায় বিবাহ করে কিংবা পারিবারিকভাবে বিয়ে করানো হয়, তাহলে প্রতিষ্ঠানে থেকে তাকে বহিষ্কার করা হলে আমি তা মেনে নিতে বাধ্য থাকব।

১০। আপনার পুত্র/কন্যা/পোষ্য খেলাধুলায় অনগ্রসরতার কারণে প্রতিষ্ঠানে থেকে চলে যাওয়ার পর অথবা বিকেএসপি থেকে লেখাপড়া শেষ করার পর দুই বৎসরের মধ্যে জামানতের টাকা উত্তোলন করতে হবে। দুই বৎসরের মধ্যে জামানতের টাকা উত্তোলন না করলে উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

১১। খেলাধুলায় অনগ্রসর/পড়ালেখায় অনগ্রসর/শৃঙ্খলা পরিপন্থী যেকোনো কাজের জন্য প্রতিষ্ঠান কর্তৃক আমার পুত্র/কন্য/পোষ্যকে প্রতিষ্ঠান হতে প্রত্যাহার/বহিষ্কার অথবা যে শাস্তি দেওয়া হোক না কেন আমি তা মেনে নিতে বাধ্য থাকব। এ বিষয়ে উর্ধ্বতন বা প্রভাবশালী কোনো ব্যক্তি কর্তৃক প্রতিষ্ঠানকে প্রভাবিত করার চেষ্ট করব না।

আমি সজ্ঞানে, স্বেচছায় নিম্নোক্ত সাক্ষীগণের উপস্থিতিতে এই চুক্তিনামায় স্বাক্ষর করলাম ।

স্থান ঃ বিকেএসপি

তারিখ ঃ ----------

স্বাক্ষর ----------

(মহাপরিচালক,বিকেএসপি -এর পক্ষে)

স্বাক্ষর (চুক্তিকারী) ----------

নাম ----------

ঠিকানা ----------

নাম ----------

নিয়োগ ঃ

সাক্ষীর দস্তখত (চুক্তিকারীর পক্ষে)

সাক্ষর ----------

নাম----------

ঠিকানা ----------